# বহুমাত্রিক রবীন্দ্রনাথ ঃ নতুন ভাবনা



সম্পাদনা
ড. প্রবীর কুমার পাল
ড. অরিজিৎ ভট্টাচার্য
ড. অরিন্দম অধিকারী

*Bahumatrik Rabindranath : Natun Bhabna*

**Edited by**
Dr. Prabir Kumar Pal
Dr. Arijit Bhattacharya
Dr. Arindam Adhikary

**গ্রন্থস্বত্ব :** অধ্যক্ষ, মানকর কলেজ
principal@mankarcollege.ac.in

**প্রথম প্রকাশ :** 2 November 2022

**ISBN**-978-93-92283-09-3

**প্রকাশক :** তন্দ্রিতা ভাদুড়ী
রিডার্স সার্ভিস
৫৯/৫এ গড়ফা মেন রোড
কলকাতা-৭০০০৭৫
ফোন-৯৮৩১৫৪২১৯২

**অক্ষর বিন্যাস**
মাইক্রোপ্রিন্ট গ্রাফিক্স

**প্রচ্ছদ**
সৈয়দ আব্দুল হালিম

**উৎসর্গ**

মানকর কলেজের স্থাপনা ও উৎকর্ষে
যাঁদের অবদান অবিস্মরণীয়
তাঁদের করকমলে

॥ বিষয় সূচি ॥


| | | |
|---|---|---|
| • রবীন্দ্রনাথ ঠাকুর ও মহাত্মা গান্ধীর জাতীয়তাবাদী দর্শনের মতপার্থক্য ও সৌজন্যতাবোধ-প্রসঙ্গে সমকালীন পত্র ও পত্রিকা | ড. ঋতব্রত গোস্বামী | ১৩ |
| • রবীন্দ্রনাথের ছড়া : হিংস্রতার কাব্যরূপ | সংগীতা রায় | ২৪ |
| • 'শেষের কবিতা'— নারীর স্বতন্ত্র হয়ে ওঠার আখ্যান | ড. অমৃতা ঘোষাল | ৩৬ |
| • রবির কাছে 'উৎসব' | মাধোবিকা বণিক | ৪০ |
| • পারিবারিক সম্পর্কের বিন্যাস ও 'গোরা' উপন্যাস | অসীম কুমার মুখার্জী | ৪৮ |
| • রবীন্দ্রনাথের 'সোনার তরী' কাব্যে নদীর স্থান | শুভাশিস গোস্বামী | ৬৩ |
| • রবীন্দ্রনাথের গানে অভিসার-ভাবনা: বৈষ্ণব পদাবলীর ঐতিহ্যসন্ধান ও আধুনিকতার বিস্তার | ড. শুভময় ঘোষ | ৭৬ |
| • রবীন্দ্র চিঠিপত্রে বিদ্যালয় ভাবনা-সূচনাপর্ব | পিঙ্কি দাস মুখোপাধ্যায় | ৮৩ |
| • রবীন্দ্রদর্শনে মানুষের সত্তা | সুজয় গায়েন | ৯০ |
| • মানবতাবাদ ও রবীন্দ্রনাথ | ড. নিরঙ্কুশ চক্রবর্ত্তী | ৯৮ |
| • রবীন্দ্রনাথের রূপক-সাঙ্কেতিক নাটকে গানের ভূমিকা | ড. শচীন্দ্রনাথ বালা | ১০৩ |
| • ছড়ার কামচারিতা কামরূপধারিতা: রবীন্দ্রনাথ ঠাকুর | ড: রীনা মণ্ডল | ১১৩ |
| • একুশ শতক ও প্রসঙ্গ রবীন্দ্রনাথ | ড. গুরুপদ অধিকারী | ১২০ |
| • রবীন্দ্রনাথের সৃষ্টি প্রসঙ্গে বুদ্ধদেব বসু | রূপালী সরকার | ১২৮ |
| • রবীন্দ্রনাথের দুটি কবিতা: কালান্তরের দুটি নির্মাণ | ড. লিপিকা ঘোষাল | ১৩৬ |
| • রবীন্দ্র-গানে প্রকৃতি | অন্তরা দে | ১৪৩ |
| • রবীন্দ্র উপন্যাসের আলোকে নবনীতা দেবসেন: একটি পর্যালোচনা | শতাব্দী বিশ্বাস | ১৪৯ |
| • 'চিত্রা' কাব্যে কবিসত্তা ও কর্মীসত্তার দ্বন্দ্ব | ড. প্রবীরকুমার পাল | ১৫৮ |
| • রবীন্দ্র-সৃষ্টির একটি বিশেষ কালপর্ব : স্বদেশ ভাবনার জাগরণ | শুক্লা ব্যানার্জি | ১৬৩ |
| • রবীন্দ্রনাথ ও রোমান্টিসিজম্ | বিধানচন্দ্র রায় | ১৬৯ |
| • বিশ শতকের আলোকে রবীন্দ্রনাথ ঠাকুরের যুগ্ম-উপন্যাসে গ্রাম-শহর দ্বন্দ্বের অন্য অধিকার-বীক্ষা | বর্ষা চক্রবর্তী | ১৭৪ |

## ॥ 'শেষের কবিতা'—নারীর স্বতন্ত্র হয়ে ওঠার আখ্যান ॥

ড. অমৃতা ঘোষাল

মেটাফিকশন কয় যাহারে! বাস্তব আর ফিকশনের মধ্যে একটা আত্মিক সম্পর্ক আছে, 'শেষের কবিতা' (১৩৩৬ বঙ্গাব্দে গ্রন্থাকারে প্রকাশিত) তা পরতে পরতে প্রমাণ করেছে। মূলত যাকে কেন্দ্র করে এই উপন্যাসের 'fictionality'[১] একটা বাস্তবের মাত্রা পেয়েছে তিনি লাবণ্যলতা দত্ত। স্বজনের কাছে তিনি শুধুই লাবণ্য, আর অমিতর কাছে বন্যা।

সাহিত্যের নারী মাত্রেই ট্র্যাডিশনাল স্টিরিওটাইপ হবেন এমনটা নয়। আবার তারা যে সমস্ত বিশ্বাসযোগ্যতাকে অতিক্রম করে অমরাবতীর মাধুরী হবেন এমনটাও কিন্তু নয়! আসলে যা বাস্তব, তবু কিছুটা অধরা; ব্যঞ্জনাবাহী সাহিত্যের কারবার তো সেগুলো নিয়েই। তাই 'শেষের কবিতা' উপন্যাসের নারীরা রীতিমতো বাস্তব-সচেতন মানুষ। তবে এখানে সব নারীচরিত্রকে পেছনে ফেলে স্বমহিমায় ভাস্বর হয়েছেন লাবণ্য। যোগমায়া, কেতকী মিত্র বা কেটি মিটার, লিসি-সিসিও অবশ্য প্রকৃত এবং সঞ্জীবিত পাঠকের দৃষ্টি আকর্ষণ করেন।

যোগমায়ার পিতৃকুল ও শ্বশুরকুল যথেষ্ট অভিজাত। কিন্তু যতটা মুক্ত জ্ঞানচর্চা তার পিতার গৃহে ঘটতো, সেটাকে তাঁর অতিরিক্ত গোঁড়া স্বামী একেবারেই বরদাস্ত করতেন না। ফলে জ্ঞানের প্রাচীর হল রুদ্ধ। কিন্তু মনের অনুসন্ধিৎসা কমলো না। এরপর অকালবৈধব্য তাঁর জীবনে কিছুটা মুক্তি আনলো। যতিশঙ্কর আর সুরমাকে নিয়ে নতুন করে বেশ একটা মুক্তির জীবন কাটালেন তিনি। গরমে এলেন শিলং পাহাড় আর সেখানে কন্যা সুরমাকে পড়ানোর জন্যে পেলেন বিদুষী লাবণ্যকে। যোগমায়া কিন্তু তার জীবনকে বেহিসেবি খাতে বইয়ে দেননি। একবিংশ শতাব্দীর 'সিঙ্গল মাদার'দের কাছে রীতিমতো আদর্শ হয়ে উঠতে পারেন।

ফ্ল্যাশব্যাক পদ্ধতিতে লাবণ্যর অতীতের একটা রেখাচিত্র ফুটে ওঠে। অধ্যাপক অবনীশ দত্তের একমাত্র মাতৃহীন কন্যা লাবণ্য। জ্ঞানার্জনী বৃত্তি তাঁর প্রবল। আরেক জ্ঞানপিপাসু বিদ্বান পুরুষ শোভনলাল ছিল লাবণ্যর যথার্থ অনুরাগী। কিন্তু জ্ঞানের দৃষ্টিভ্রমে প্রকৃত সত্য কখনও ঢাকা পড়ে যায়! লাবণ্যর অনুরাগবৃত্তে তাই শোভনলাল কেন, সম্ভবত কোনও পুরুষই কখনও স্থান পায়নি। এবার শিলং পাহাড়ে হঠাৎই ঘটলো অবিশ্বাস্য কিছু! ঘটলো সংঘাত। বিলেতফেরত, বাগ্মী, বহু নারীর হৃদয়ে আন্দোলন